অতি জরুরী
বিশেষ বাহক মারফত

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পানি সম্পদ মন্ত্রণালয়
পরিকল্পনা শাখা-৩

০৫ আষাঢ়, ১৪২৩
নং-৪২.০০.০০০০.০৪১.০১৪.০২.১৫ (অংশ-১)-১৭৩ তারিখ :--------------------
১৯ জুন, ২০১৬

বিষয় : গত ২৯-০৫-২০১৬ তারিখে অনুষ্ঠিত পানি সম্পদ মন্ত্রণালয়ের মাসিক আরএডিপি পর্যালোচনা সভার কার্যবিবরণী প্রেরণ।

গত ২৯-০৫-২০১৬ তারিখে পানি সম্পদ মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব আনিসুল ইসলাম মাহমুদ-এর সভাপতিত্বে ২০১৫-২০১৬ অর্থ-বছরের ২৩ মে, ২০১৬ পর্যন্ত উন্নয়ন প্রকল্পসমূহের আর্থিক ও বাস্তব অগ্রগতি পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণী সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদসংগে প্রেরণ করা হলো।

সংযুক্তি : বর্ণনামতে।

Rasel ১৯/০৬/১৬
(আবু ইউসুফ মোহাম্মদ রাসেল)
সহকারী প্রধান
ফোন ঃ ৯৫৭৭২৩৪

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে) :

১। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সিনিয়র সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, অর্থ মন্ত্রণালয়, শেরে বাংলা নগর, ঢাকা।
৩। প্রধান, কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ, পরিকল্পনা কমিশন,পরিকল্পনা মন্ত্রণালয়, শেরে বাংলা নগর, ঢাকা (দৃঃ আঃ-যুগ্ম-প্রধান, সেচ উইং)।
৪। সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, শেরে বাংলা নগর, ঢাকা। (দৃঃ আঃ মহাপরিচালক, কৃষি)।
৫। অতিরিক্ত সচিব (উন্নয়ন), পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬। প্রধান, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, পরিকল্পনা মন্ত্রণালয়, শেরে বাংলা নগর, ঢাকা।
৭। মহাপরিচালক, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, ওয়াপদা ভবন, মতিঝিল বা/এ, ঢাকা।
৮। যুগ্ম-প্রধান/যুগ্ম-সচিব (প্রশাসন/উন্নয়ন-১/উন্নয়ন-২/বাজেট ও অডিট), পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৯। মহাপরিচালক, ওয়ারপো, ৭২ গ্রীণ রোড, ঢাকা।
১০। মহাপরিচালক, বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর, ৭২ গ্রীণ রোড, ঢাকা।
১১। প্রধান মনিটরিং, পাউবো, ওয়াপদা ভবন, মতিঝিল বা/এ, ঢাকা।
১২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৩। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৪। পরিচালক-৫, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
১৫। উপ-প্রধান-১/২, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৬। সচিব মহোদয়ের একান্ত সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৭। পরিচালক, কার্যক্রম পরিদপ্তর, পাউবো, ওয়াপদা ভবন, মতিঝিল বা/এ, ঢাকা।
১৮। সিস্টেম এনালিস্ট, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (কার্যবিবরণীটি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রচারের অনুরোধসহ)।
১৯। সহকারী প্রধান, পরিকল্পনা শাখা-১/২/৪/৫, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২০। সংশ্লিষ্ট নথি/মাস্টার নথি।

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**পানিসম্পদ মন্ত্রণালয়**
**পরিকল্পনা শাখা-৩**

বিষয় : **২০১৫-২০১৬ অর্থবছরের আরএডিপি-তে অন্তর্ভুক্ত পানি সম্পদ মন্ত্রণালয়ের উন্নয়ন প্রকল্পসমূহের ২৩ মে, ২০১৬ পর্যন্ত অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী।**

গত ২৯-০৫-২০১৬ তারিখে পানি সম্পদ মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব আনিসুল ইসলাম মাহমুদ এম.পি-র সভাপতিত্বে মন্ত্রণালয়ের আওতাধীন ২০১৫-১৬ অর্থ বছরের আরএডিপিভুক্ত প্রকল্পসমূহের মাসিক পর্যালোচনা সভা পানি সম্পদ মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়। সভায় চলতি অর্থবছরের ২৩ মে, ২০১৬ পর্যন্ত আরএডিপি বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করা হয়। মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী, সিনিয়র সচিব এবং মন্ত্রণালয় ও এর আওতাধীন সংস্থাসমূহের সংশ্লিষ্ট কর্মকর্তাগণ সভায় উপস্থিত ছিলেন। উপস্থিত কর্মকর্তাবৃন্দের তালিকা পরিশিষ্ট 'ক' তে সংযুক্ত করা হলো।

২। **উপস্থাপনা:**

সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। মন্ত্রণালয়ের যুগ্ম-প্রধান সভাপতির অনুমতিক্রমে সভার আলোচ্যসূচি উপস্থাপন করেন। তিনি জানান যে, ২০১৫-১৬ অর্থ বছরের আরএডিপি-তে পানি সম্পদ মন্ত্রণালয়ের আওতায় ৬৯টি (১টি কারিগরী সহায়তা প্রকল্পসহ) প্রকল্পের অনুকূলে মোট ২৮৫৮.৯০ কোটি টাকা বরাদ্দ রয়েছে, তন্মধ্যে জিওবি ২১৪৫.৯১ কোটি টাকা এবং প্রকল্প সাহায্য ৭১২.৯৯ কোটি টাকা। ১ জুলাই, ২০১৫ হতে ২৩ মে, ২০১৬ পর্যন্ত অবমুক্তকৃত অর্থের পরিমাণ মোট ২১০১.৫৯ কোটি (জিওবি ১৫৯৭.১৬ কোটি ও প্রকল্প সাহায্য ৫০৪.৪৩ কোটি) টাকা যা মোট বরাদ্দের ৭৩.৫১%। একই সময় পর্যন্ত অর্থ ব্যয়ের পরিমাণ মোট ১৪৬২.১১ কোটি (জিওবি ১১৩০.৯৫ কোটি ও প্রকল্প সাহায্য ৩৩১.১৭ কোটি) টাকা যা মোট বরাদ্দের মাত্র ৫১.১৪%। সভাকে আরো জানানো হয় যে, বাস্তবায়নাধীন প্রকল্পসমূহের চলতি অর্থবছরে এ পর্যন্ত বাস্তব অগ্রগতি হয়েছে ৭০%।

৩। **আলোচনা ও সিদ্ধান্ত :**

- সভায় গত ১৯/০৪/২০১৬ এবং ২৬/০৪/২০১৬ তারিখে অনুষ্ঠিত মাসিক এডিপি পর্যালোচনা সভায় গৃহীত সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি, আরএডিপিভুক্ত উন্নয়ন প্রকল্পসমূহের দরপত্র সংক্রান্ত, আরএডিপি-তে প্রাপ্ত বরাদ্দের ব্যয় অগ্রগতি ইত্যাদির উপর আলোচনা করা হয়। উক্ত আলোচনা ও তার পরিপ্রেক্ষিতে গৃহীত সিদ্ধান্তসমূহ নিম্নে তুলে ধরা হলো:

| ক্রমিক নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী সংস্থা<br>সময়সীমা |
|---|---|---|---|
| ১. | কেন্দ্রীয় অঞ্চলের আওতাধীন ৬টি প্রকল্পের অনুকূলে আরএডিপি-তে ২২২.৯১ কোটি টাকা বরাদ্দ রয়েছে। বরাদ্দকৃত অর্থ জুন, ২০১৬ এর মধ্যে ব্যয় করা যাবে কি-না জানতে চাওয়া হলে প্রধান প্রকৌশলী, কেন্দ্রীয় অঞ্চল সভাকে অবহিত করেন যে, 'বুড়িগঙ্গা নদী পুনরুদ্ধার (১ম সংশোধিত)' শীর্ষক প্রকল্প ব্যতিত অন্য প্রকল্পসমূহের অনুকূলে আরএডিপি-তে প্রাপ্ত বরাদ্দ যথাসময়ে ব্যয় করা সম্ভব হবে। একনেক কর্তৃক 'বুড়িগঙ্গা নদী পুনরুদ্ধার (১ম সংশোধিত)' শীর্ষক প্রকল্পটি শীঘ্রই অনুমোদিত হলে ঐ প্রকল্পের প্রাপ্ত বরাদ্দ ব্যয় করা সম্ভবপর হবে। সভাপতি 'বুড়িগঙ্গা নদী পুনরুদ্ধার (১ম সংশোধিত)' শীর্ষক প্রকল্পটির সংশোধিত ডিপিপি দ্রুত অনুমোদনে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য এবং উক্ত প্রকল্পের অনুকূলে প্রাপ্তবরাদ্দ যাতে ব্যয় করা সম্ভব হয় তার ব্যবস্থা গ্রহণের নির্দেশ প্রদান করেন। | 'বুড়িগঙ্গা নদী পুনরুদ্ধার (১ম সংশোধিত)' শীর্ষক প্রকল্পটির সংশোধিত ডিপিপি দ্রুত অনুমোদনে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে এবং উক্ত প্রকল্পের অনুকূলে প্রাপ্তবরাদ্দ যাতে ব্যয় করা সম্ভব হয় তার ব্যবস্থা গ্রহণ করতে হবে। | কেন্দ্রীয় অঞ্চলের সকল প্রকল্প পরিচালক। |
| ২. | কুমিল্লা অঞ্চলের আওতাধীন ৬টি প্রকল্পের অনুকূলে আরএডিপি-তে ১৭২.৯৮ কোটি টাকা বরাদ্দ রয়েছে। উক্ত বরাদ্দকৃত অর্থ যথাসময়ে ব্যয় করা সম্ভব হবে কি-না জানতে চাওয়া হলে প্রধান প্রকৌশলী, পূর্বাঞ্চল সভাকে অবহিত করেন যে, প্রকল্পসমূহের অনুকূলে আরএডিপি-তে প্রাপ্ত বরাদ্দ যথাসময়ে ব্যয় করা সম্ভবপর হবে। তবে, 'লক্ষ্মীপুর জেলার রামগতি ও কমলনগর উপজেলা ও তৎসংলগ্ন এলাকাকে মেঘনা নদীর অব্যহত ভাঙ্গন হতে রক্ষাকল্পে প্রতিরোধ (১ম | আরএডিপি-তে প্রাপ্ত বরাদ্দ সঠিক সময়ে সঠিকভাবে ব্যয় করতে হবে। | কুমিল্লা অঞ্চলের সকল প্রকল্প পরিচালক। |

| | | | |
|---|---|---|---|
| | পর্যায়)' এবং 'ব্রাহ্মণবাড়িয়া জেলার নাসিরনগর উপজেলাধীন বেমালিয়া লংগন এবং বলভদ্র নদী পুনখনন (১ম সংশোধিত)' শীর্ষক প্রকল্প দুইটির যথাক্রমে ১০ কোটি ও ২.৫৮ কোটি টাকা ব্যয় করা যাবে না। ইতোমধ্যে প্রকল্প দুইটির অর্থ হ্রাস করে উপযোজনের প্রস্তাব করা হয়েছে। সভাপতি অবশিষ্ট অর্থ যথাযথভাবে জুন, ২০১৬ এর মধ্যে ব্যয় করার নির্দেশ প্রদান করেন। | | |
| ৩. | সিলেট অঞ্চলের ১টি প্রকল্পের অনুকূলে আরএডিপি-তে ১৯ কোটি টাকা বরাদ্দ রয়েছে। উক্ত বরাদ্দের মধ্যে ইতোমধ্যে ৫ কোটি টাকা হ্রাস করে উপযোজনের প্রস্তাব মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। অবশিষ্ট ১৪ কোটি টাকা জুন, ২০১৬ এর মধ্যে ব্যয় করা সম্ভবপর হবে বলে প্রধান প্রকৌশলী, উত্তর-পূর্বাঞ্চল সভাকে অবহিত করেন। সভাপতি আরএডিপি-তে প্রাপ্ত বরাদ্দ সঠিক সময়ে ও সঠিকভাবে ব্যয় করার নির্দেশ প্রদান করেন। | আরএডিপি-তে প্রাপ্ত বরাদ্দ সঠিক সময়ে সঠিকভাবে ব্যয় করতে হবে। | সিলেট অঞ্চলের সকল প্রকল্প পরিচালক। |
| ৪. | চট্টগ্রাম অঞ্চলের ৫টি প্রকল্পের অনুকূলে আরএডিপি-তে ৪৭.৫০ কোটি টাকা বরাদ্দ রয়েছে। তম্মধ্যে ৩টি প্রকল্প হতে ৫.৭০ কোটি টাকা হ্রাস করে উপযোজনের প্রস্তাব মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। অবশিষ্ট বরাদ্দ যথাসময়ে ব্যয় করা সম্ভবপর হবে বলে প্রধান প্রকৌশলী, দক্ষিণ-পূর্বাঞ্চল সভাকে অবহিত করেন। সভাপতি আরএডিপি-তে প্রাপ্ত বরাদ্দ সঠিক সময়ে ও সঠিকভাবে ব্যয় করার নির্দেশ প্রদান করেন। | আরএডিপি-তে প্রাপ্ত বরাদ্দ সঠিক সময়ে সঠিকভাবে ব্যয় করতে হবে। | চট্টগ্রাম অঞ্চলের সকল প্রকল্প পরিচালক। |
| ৫. | রংপুর অঞ্চলের ৫টি প্রকল্পের অনুকূলে আরএডিপি-তে ১৬৮ কোটি টাকা বরাদ্দ রয়েছে। তম্মধ্যে 'তিস্তা ব্যারেজ, ফেজ-২' শীর্ষক প্রকল্পের মেয়াদ না থাকায় উক্ত প্রকল্পের অনুকূলে প্রাপ্ত বরাদ্দ ব্যয় করা সম্ভবপর হচ্ছে না। এছাড়া, অন্যান্য প্রকল্পের অনুকূলে প্রাপ্ত বরাদ্দ ব্যয় করা সম্ভব হবে মর্মে প্রধান প্রকৌশলী সভাকে অবহিত করেন। সভাপতি 'তিস্তা ব্যারেজ, ফেজ-২' শীর্ষক প্রকল্পের সকল প্রশাসনিক কাজ সম্পন্নপূর্বক জুন, ২০১৬ এর মধ্যে ভূমি অধিগ্রহণের মূল্য পরিশোধের নির্দেশ প্রদান করেন। | 'তিস্তা ব্যারেজ, ফেজ-২' শীর্ষক প্রকল্পের সকল প্রশাসনিক কাজ সম্পন্নপূর্বক জুন, ২০১৬ এর মধ্যে ভূমি অধিগ্রহণের মূল্য পরিশোধ করতে হবে। | প্রকল্প পরিচালক, তিস্তা ব্যারেজ, ফেজ-২ প্রকল্প। |
| ৬. | রাজশাহী অঞ্চলের ১১টি প্রকল্পের অনুকূলে আরএডিপি-তে ৫৬৫.৮৬ কোটি টাকা বরাদ্দ রয়েছে। এছাড়া, উক্ত অঞ্চলের ২টি প্রকল্পের অনুকূলে উপযোজনের মাধ্যমে আরও ১৩ কোটি টাকা বরাদ্দের প্রস্তাব প্রক্রিয়াধীন রয়েছে। প্রধান প্রকৌশলী সভাকে অবহিত করেন যে, উক্ত বরাদ্দ জুন, ২০১৬ এর মধ্যে ব্যয় করা সম্ভব হবে। সভাপতি কাজের গুণগত মান বজায় রেখে সকল কাজ সমাপ্ত করার নির্দেশ প্রদান করেন। | কাজের গুণগত মান বজায় রেখে সকল কাজ সমাপ্ত করতে হবে। | রাজশাহী অঞ্চলের সকল প্রকল্প পরিচালক। |
| ৭. | ফরিদপুর অঞ্চলের ৬টি প্রকল্পের অনুকূলে আরএডিপি-তে ২১৪.৯৮ কোটি বরাদ্দ রয়েছে। 'কুষ্টিয়া জেলার দৌলতপুর উপজেলাধীন ফিলিপনগর, আবেদের ঘাট ও ইসলামপুর এলাকায় পদ্মা নদীর ডানতীর সংরক্ষণ' শীর্ষক প্রকল্পের অনুকূলে প্রাপ্ত বরাদ্দ থেকে ৫ কোটি টাকা উপযোজনের মাধ্যমে হ্রাস পাবে। এছাড়া, অন্যান্য প্রকল্পসমূহ তাদের অনুকূলে প্রাপ্ত বরাদ্দ ব্যয় করতে সক্ষম হবে মর্মে প্রধান প্রকৌশলী সভাকে জানান। সভাপতি আরএডিপি-তে প্রাপ্ত বরাদ্দ সঠিক সময়ে ও সঠিকভাবে ব্যয় করার নির্দেশ প্রদান করেন। | আরএডিপি-তে প্রাপ্ত বরাদ্দ সঠিক সময়ে সঠিকভাবে ব্যয় করতে হবে। | ফরিদপুর অঞ্চলের সকল প্রকল্প পরিচালক। |
| ৮. | বরিশাল অঞ্চলের ৫টি প্রকল্পের অনুকূলে আরএডিপি-তে ১১০ কোটি টাকা বরাদ্দ রয়েছে। 'ভোলা জেলার চরফ্যাশন ও মনপুরা শহর সংরক্ষণ' শীর্ষক প্রকল্পের অনুকূলে প্রাপ্ত বরাদ্দ থেকে ৫ কোটি টাকা উপযোজনের মাধ্যমে হ্রাস পাবে। এছাড়া, অন্যান্য প্রকল্পসমূহ তাদের অনুকূলে প্রাপ্ত বরাদ্দ ব্যয় করতে সক্ষম হবে মর্মে প্রধান প্রকৌশলী সভাকে জানান। সভাপতি আরএডিপি-তে প্রাপ্ত বরাদ্দ সঠিক সময়ে ও সঠিকভাবে ব্যয় করার নির্দেশ প্রদান করেন। | আরএডিপি-তে প্রাপ্ত বরাদ্দ সঠিক সময়ে সঠিকভাবে ব্যয় করতে হবে। | বরিশাল অঞ্চলের সকল প্রকল্প পরিচালক। |
| ৯. | খুলনা অঞ্চলের ৫টি প্রকল্পের অনুকূলে আরএডিপি-তে ১২৯.৩১ কোটি টাকা বরাদ্দ রয়েছে। প্রাপ্ত বরাদ্দ জুন, ২০১৬ এর মধ্যে ব্যয় | আরএডিপি-তে প্রাপ্ত বরাদ্দ সঠিক সময়ে সঠিকভাবে ব্যয় | খুলনা অঞ্চলের সকল প্রকল্প |

| | | | |
|---|---|---|---|
| | করা সম্ভব হবে মর্মে প্রধান প্রকৌশলী সভাকে জনান। তিনি আরও জানান যে, 'কপোতাক্ষ নদের জলাবদ্ধতা দূরীকরণ (১ম পর্যায়)' শীর্ষক প্রকল্পের অনুকূলে প্রাপ্ত বরাদ্দের অতিরিক্ত আরও ১৮.৬৩ কোটি টাকার উপযোজনের প্রস্তাব মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। সভাপতি কাজের গুণগত মান বজায় রেখে সকল কাজ সমাপ্ত করার নির্দেশ প্রদান করেন। | করতে হবে। | পরিচালক। |
| ১০. | বৈদেশিক সাহায্যপুষ্ট ৯টি প্রকল্পের অনুকূলে আরএডিপি-তে ৮১৬.৫৪ কোটি টাকা বরাদ্দ রয়েছে। এ সকল প্রকল্পের মধ্যে ECRRP এবং CEIP প্রকল্প ব্যতিত অন্য সকল প্রকল্পের অনুকূলে প্রাপ্ত বরাদ্দ ব্যয় করা সম্ভব হবে মর্মে পরিচালকগণ সভাকে অবহিত করেন। ECRRP প্রকল্প আরএডিপি বরাদ্দের প্রায় ৫০ কোটি টাকা ব্যয় করা সম্ভব হবে না মর্মে সভাকে জানান। সভাপতি প্রকল্প সাহায্য খাতে ব্যয় করতে না পারায় অসন্তোষ প্রকাশ করেন। তিনি সকল প্রকল্প পরিচালকগণকে ভবিষ্যতে প্রকল্প সাহায্য যাতে পরিপূর্ণভাবে ব্যয় করা যায় সেজন্য পূর্ব থেকেই উদ্যোগ গ্রহণ করার নির্দেশ প্রদান করেন। | প্রকল্প সাহায্য খাতে প্রাপ্ত বরাদ্দ যাতে সঠিকভাবে ব্যয় করা সম্ভব হয় সেজন্য অর্থ বছরের শুরু থেকেই উদ্যোগ গ্রহণ করতে হবে। | বৈদেশিক সহায়তাপুষ্ট প্রকল্পসমূহের সকল প্রকল্প পরিচালকগণ। |
| ১১. | ৭টি বিশেষ প্রকল্পের অনুকূলে আরএডিপি-তে ৩৯১.৮২ কোটি টাকা রয়েছে। ৭টি প্রকল্পের মধ্যে 'গড়াই নদীর পুনরুদ্ধার' শীর্ষক প্রকল্প ব্যতিত অন্য সকল প্রকল্পের অনুকূলে বরাদ্দকৃত অর্থ জুন, ২০১৬ এর মধ্যে ব্যয় করা সম্ভবপর হবে মর্মে প্রকল্প পরিচালকগণ সভাকে অবহিত করেন। 'গড়াই নদীর পুনরুদ্ধার' শীর্ষক প্রকল্পের অনুকূলে ইতোমধ্যে ৩০ কোটি টাকা অবমুক্ত করা হয়েছে যা সম্পূর্ণভাবে ব্যয় করা সম্ভব হবে না মর্মে প্রকল্প পরিচালক সভাকে জানান। সভাপতি ব্যয় সম্ভব না জেনেও অর্থ ছাড়ের প্রস্তাব কেন প্রেরণ করা হয়েছে তার জবাব দেওয়ার জন্য প্রকল্প পরিচালককে নির্দেশ প্রদান করেন। পাশাপাশি প্রকল্পের আওতায় অবমুক্তকৃত অর্থ যথাযথভাবে ব্যয় নিশ্চিত করার নির্দেশ প্রদান করেন। | 'গড়াই নদীর পুনরুদ্ধার' শীর্ষক প্রকল্পের ব্যয় সম্ভব না জেনেও অর্থ ছাড়ের প্রস্তাব কেন প্রেরণ করা হয়েছে তার জবাব প্রকল্প পরিচালক আগামী ৭ দিনের মধ্যে মহাপরিচালক, পানি উন্নয়ন বোর্ডের মাধ্যমে মন্ত্রণালয়কে জানাতে হবে; প্রকল্পের আওতায় অবমুক্তকৃত অর্থ যথাযথভাবে ব্যয় নিশ্চিত করতে হবে। | মহাপরিচালক, বাপাউবো/ বিশেষ প্রকল্পসমূহের সকল প্রকল্প পরিচালকগণ। |
| ১২. | প্রকল্পের মনিটরিং কার্যক্রম বাড়ানোর লক্ষ্যে সভাপতি সকল প্রধান প্রকৌশলী/অতিরিক্ত প্রধান প্রকৌশলীকে প্রকল্প এলাকা পরিদর্শন শেষে পরিদর্শন প্রতিবেদন যথাযথ কর্তৃপক্ষ ও মন্ত্রণালয়ে প্রেরণের নির্দেশ প্রদান করেন। | প্রকল্পের মনিটরিং কার্যক্রম বাড়ানোর লক্ষ্যে সকল প্রধান প্রকৌশলী/অতিরিক্ত প্রধান প্রকৌশলীকে প্রকল্প এলাকা পরিদর্শন শেষে পরিদর্শন প্রতিবেদন যথাযথ কর্তৃপক্ষ ও মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | প্রধান প্রকৌশলী/ অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সকল)। |

৪। সভায় নিম্নলিখিত সাধারণ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

ক) আগামী মাস হতে প্রকল্পসমূহের দরপত্রের অগ্রগতির বিষয়ে হালনাগাদ তথ্য দিতে হবে;

খ) জুলাই মাসের ১০ তারিখের মধ্যে ২০১৬-১৭ অর্থ বছরের বার্ষিক কর্মপরিকল্পনা মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে;

৫। আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
১৪/০৬/২০১৬
আনিসুল ইসলাম মাহমুদ এম.পি
মন্ত্রী।

২

পরিশিষ্ট 'ক'

| | | |
|---|---|---|
| বিষয় | ঃ | মাসিক আরএডিপি পর্যালোচনা সভা। |
| তারিখ | ঃ | ২৯/০৫/২০১৬, রবিবার। |
| সময় | ঃ | দুপুর ২.০০ ঘটিকা। |
| স্থান | ঃ | পানি সম্পদ মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ। |

উপস্থিত কর্মকর্তাবৃন্দের তালিকা ঃ

| ক্রঃ নং | কর্মকর্তাবৃন্দের নাম, পদবী ও দপ্তর | ফোন/মোবাইল নম্বর | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১. | মোঃ হুমায়ন কবীর<br>অতিরিক্ত সচিব, পাসম | ০১৭২৬৪১৩৪৬৮ | ২৯/৫/২০১৬ |
| 2. | ড. মোহাম্মদ আলী খান<br>অতিরিক্ত সচিব, পাসম | 01743841483 | |
| ৩. | মোঃ মাহিবুর রহমান<br>মহাপরিচালক, হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর | 01728738267 | ২৯.০৫.২০১৬ |
| ৪. | আমিনুল ইসলাম মাসুদ<br>যুগ্ম-সচিব (উঃ-২) | 01552314642 | ২৯-৫-২০১৬ |
| ৫. | কাজী ওবায়দুর রহমান<br>যুগ্ম সচিব | 01714-022178 | ২৯/৫/১৬ |
| ৬ | নমিতা হালদার<br>উপ-সচিব (পরিকল্পনা) | 01711839265 | ২৯/৫/১৬ |
| ৭ | হাওলাদার জাকির হোসেন<br>উপসচিব, বাজেট | ০১৭১২৫০১৬২৬ | ২৯/৫/১৬ |
| ৮ | আবুল কালাম আজাদ<br>প্রধান প্রকৌশলী, কেন্দ্রীয় অঞ্চল, বাপাউবো, | 01717-227838 | ২৯/৫/১৬ |
| ৯ | মোঃ আসাদুজ্জামান<br>অতিঃ প্রধান প্রকৌশলী/ পূর্বাঞ্চল<br>কুমিল্লা | 01557566522 | ২৯/৫/১৬ |
| ১০. | কে, এম, আনোয়ার হোসেন<br>অতিঃ প্রধান প্রকৌশলী<br>দক্ষিণ-পশ্চিমাঞ্চল, বাপাউবো, খুলনা | 01777248469 | ২৯/৫/১৬ |
| ১১. | এ, এম, আমিনুল হক<br>প্রকল্প পরিচালক, এফএমআইএসআরএম প্রকল্প<br>বাপাউবো, ঢাকা | ০১৫৫২৩৯৬৭৭৬ | ২৯/৫/১৬ |
| ১২. | মোহাম্মদ শাহাবুদ্দিন<br>অতিঃ প্রধান প্রকৌঃ/প্রকল্প পরিচালক<br>এইচআইপি, বাপাউবো, ঢাকা | ০১৭১১৮১১৭১ | ২৯/৫/১৬ |
| ১৩ | এ.এইচ.এম. কামরুল ইসলাম<br>অতিঃ প্রধান প্রকৌঃ/ প্রকল্প পরিচালক<br>উপকূলীয় | 01670-757384 | |
| ১৪ | মোহাম্মদ আলী, অতিঃ প্রধান<br>প্রকৌঃ, পরিকল্পনা, বাপাউবো | 01711320432 | |
| ১৫ | মোঃ আবুল হাই, অতিঃ প্রধান প্রকৌঃ<br>উত্তর-পূর্বাঞ্চল, বাপাউবো, সিলেট | 01716094096 | ২৯/৫/১৬ |

উপস্থিত কর্মকর্তাবৃন্দের তালিকা ঃ

| ক্রঃ নং | কর্মকর্তাবৃন্দের নাম, পদবী ও দপ্তর | ফোন/মোবাইল নম্বর | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১৬ | ফজলুর রশিদ পরিচালক/ তত্ত্বাবধায়ক প্রকৌশলী/পরিচালক | 9551088/ 01711151652 | [signature] ২৯/৫/১৬ |
| ১৭. | মো: শামসুদ্দোহা PCD, CDSP-IV, WDB. | ০১৭১৮-০২৮২৭৭ | [signature] ২৯/৫/১৬ |
| ১৮. | মো: জাহিদ হাসান সহকারী প্রকৌশলী, প্রসেসিং সেকশন, বাপাউবো | 01717058471 | [signature] 29-05-2016 |
| ১৯ | ড: এ,কে,এম আনোয়ার হোসেন DED (P&D), IWM | 01841930002 | [signature] 29/05/16 |
| ২০ | মো: মফজল সারওয়ার্দী PD, HFMLIP, BWDB | 01711330641 | [signature] 29-05-16 |
| ২১ | কে, এম, নজরুল ইসলাম, অতি: প্রধান প্রকৌ:, ডিজাইন, কনসালটেন্ট | 01737082365 | [signature] 29/5/16 |
| 22. | খন্দকার মো: মনিরুল ইসলাম প্রকল্প পরিচালক, ড্রেজিং | 01711371183 | [signature] ২৯/০৫/১৬ |
| 23. | মো: আজিজুল আলম তত্ত্বাবধায়ক, পওর ফরিদপুর | 01711019570 | [signature] 29.05.16 |
| ২৪. | এ, কে, এম, শফিকুল হক পরিচালক, প্রসেসিং সেকশন | 01732566990 | [signature] ২৯/৫/১৬ |
| ২৫. | মো: মাহবুবুর রহমান পরিচালক, কার্যক্রম | 01711-022841 | [signature] ২৯/৫/১৬ |
| ২৬ | মো: আনিসুল ইসলাম প্রকল্প পরিচালক/ উ: প্র: SWAIWRPMP-AF | 01732999717 | [signature] 29/05/16 |
| ২৭ | Dr. হাবিবুর রহমান, PD ECRRP, BWDB | 01712008322 | হাবিবুর রহমান ২৯/৫/১৬ |
| | | | |
| | | | |
| | | | |
| | | | |
| | | | |
| | | | |
| | | | |

| | | |
|---|---|---|
| বিষয় | ঃ | মাসিক আরএডিপি পর্যালোচনা সভা। |
| তারিখ | ঃ | ২৯/০৫/২০১৬, রবিবার। |
| সময় | ঃ | দুপুর ২.০০ ঘটিকা। |
| স্থান | ঃ | পানি সম্পদ মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ। |

উপস্থিত কর্মকর্তাবৃন্দের তালিকা ঃ

| ক্রঃ নং | কর্মকর্তাবৃন্দের নাম, পদবী ও দপ্তর | ফোন/মোবাইল নম্বর | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১। | মো: আমজাদ হোসেন খান, মহাপরিচালক, ওয়ারপো | 01715038517 | |
| ২। | ড. মো: জাহাঙ্গীর কবীর, মহাপরিচালক, বাপাউবো | 01711357951 | |
| ৩। | মো: আবদুল হাই বাকী, ADG, বাপাউবো | 01720 245777 | |
| ৪। | মো: জহিরুল হক ভূঁইয়া, যুগ্ম সচিব/অতি: মহাপরিচালক (পশ্চিম) বাপাউবো | 01817600600 | |
| ৫। | আতিকুর রহমান, অতি: মহাপরিচালক (পূর্ব), বাপাউবো | ০১৭৭৩৭৭৪৭৯৮ | |
| ৬। | মো: মাহমুদুর রহমান, অতি: মহাপরিচালক (পরি:), বাপাউবো | 01741-382792 | |
| ৭। | মো: জাহিদ হোসেন আহমেদ, সদস্য, যৌথ নদী কমিশন | 01715045941 | |
| ৮। | এ. কে. মনজুর হাসান, প্রধান প্রকৌশলী | 01711175477 | 29.05.16 |
| ৯। | মোহাম্মদ খালেকুজ্জামান, চীফ প্ল্যানিং, পাউবো | 01822822062 | |
| ১০। | এ. কে. এম. মমতাজ উদ্দিন, প্রধান প্রকৌশলী, মধ্যাঞ্চল | 01711026230 | |
| ১১। | আবু ইউসুফ মো: রাসেল | 01914892738 | |
| ১২। | তাহমিনা ফারজানা, প্রধান প্রকৌশলী, বাপাউবো | 01715103435 | |
| ১৩। | এ.কে.এম. আমিনুল করিম, প্রধান প্রকৌশলী, দক্ষিণ-পূর্বাঞ্চল, বাপাউবো, চট্টগ্রাম | 01711856549 | |
| ১৪। | মো: [illegible], প্র: প্র:/ উত্তরাঞ্চল, বাপাউবো, রংপুর | 01711394552 | |
| | | | |